



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৩-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

অর্থ বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৩১.০১৪.০১.০০.৪৭৫.২০১৩-০০৭(৯)

তারিখ : ০৫ জুলাই ২০১৮
২২ আষাঢ় ১৪২৫

“পরিপত্র”

বিষয় : ২০১৮-১৯ অর্থ বছরের বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন কর্মসূচি/কার্যক্রম সমূহের ১ম কিস্তির অর্থ ছাড় প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

২০১৮-১৯ অর্থ বছরে অনুন্নয়ন বাজেটের আওতায় রাজস্ব বাজেট থেকে অর্থায়নকৃত বিএডিসি কর্তৃক বাস্তবায়নাধীন অনুমোদিত কার্যক্রম ও কর্মসূচিসমূহের ১ম কিস্তিতে অবমুক্তযোগ্য অর্থের চাহিদাপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করার নিমিত্তে নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে পূরণ করে প্রতিটি ৩(তিন) কপি করে বিভাগীয় প্রধানের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক) নতুন প্রণীত ইকোনমিক কোডে প্রস্তাব প্রেরণ করতে হবে।

খ) ২০১৮-১৯ অর্থ বছরের বরাদ্দের ভিত্তিতে খাতওয়ারী বিস্তারিত বিভাজন ও ১ম কিস্তিতে অবমুক্তকৃত অর্থের প্রস্তাব।

গ) ২০১৭-১৮ অর্থ বছরের অবমুক্তকৃত অর্থের খাতওয়ারী ব্যয় বিবরণী ও ব্যাংক স্টেটমেন্ট (এসটিডি ও ডিসবার্সমেন্ট এক্যাউন্ট)।

ঘ) ২০১৭-১৮ অর্থ বছরে অব্যয়িত অর্থ (যদি থাকে) সরকারি কোষাগারে জমাদান পূর্বক চালানের সত্যায়িত কপি।

ঙ) ২০১৭-১৮ অর্থ বছরে যে সমস্ত কর্মসূচীর মেয়াদ শেষ হয়ে গেছে তাদের শুধু ব্যয় বিবরণী ও ব্যাংক স্টেটমেন্ট প্রদান করতে হবে।

২। উপর্যুক্ত তথ্যাদি ১৭ জুলাই, ২০১৮ তারিখের মধ্যে অর্থ বিভাগে গ্রহণ নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অর্থ ছাড় প্রস্তাব না পাওয়ার কারণে অর্থ ছাড় বিলম্ব হলে অর্থ বিভাগের করণীয় কিছু থাকবেনা।


(রুনা লায়লা)

মহাব্যবস্থাপক(অর্থ) চঃদাঃ
বিএডিসি, ঢাকা।

সদয় অবগতির জন্যঃ

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

২। সদস্য পরিচালক(অর্থ/স্কুদ্রসেচ/সার/বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মহাব্যবস্থাপক(বীজ), বিএডিসি, ঢাকা(নির্দিষ্ট তারিখের মধ্যে প্রয়োজনীয় তথ্য অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।

২। প্রধান প্রকৌশলী (সওকা), বিএডিসি, ঢাকা(নির্দিষ্ট তারিখের মধ্যে প্রয়োজনীয় তথ্য অর্থ বিভাগে প্রেরণ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)।

৩। আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা।

৪। অফিস কপি।